সংবাদ

তারিখ 30 MAR 2007
পৃষ্ঠা ১২ কলাম ৭

৪৬ বিদেশ

উপদেষ্টা পরিষদের বৈঠক

# দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার চুক্তিতে সই করবে বাংলাদেশ

নিজস্ব বার্তা পরিবেশক

নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ১৪তম সার্ক শীর্ষ সম্মেলনে ২টি বিষয়ে চুক্তি সই করতে যাচ্ছে সরকার। প্রথমটি হচ্ছে দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয় স্থাপন ও দ্বিতীয়টি সার্ক ফুড ব্যাংক গঠন।

সই : পৃ: ১ ক: ৫

সই : চুক্তিতে

(১২ পৃষ্ঠার পর)

গতকাল প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠকে এ চুক্তি সইয়ের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে তথ্য উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন ছাড়া সব উপদেষ্টা উপস্থিত ছিলেন। এছাড়া বৈঠকে জয়দেবপুর-শিয়ালদাহ রেল যোগাযোগ চুক্তি ২০১০ সাল পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়।

বৈঠক শেষে প্রধান উপদেষ্টার প্রেস সচিব সৈয়দ ফাহিম মোনায়েম সাংবাদিকদের জানান, বাংলাদেশ ও ভারতের মধ্যে যাত্রীবাহী রেল যোগাযোগ ২০১০ সাল পর্যন্ত বাড়ানোর বিষয়ে নীতিগতভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে এ ব্যাপারে সবকিছু খতিয়ে দেখে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে সরকার। উল্লেখ্য, ২০০১ সালে ৩ বছরের জন্য পরীক্ষামূলক চুক্তি হয়েছিল।

ফাহিম মোনায়েম বলেন, দক্ষিণ এশীয় বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ঢাকায় অনুষ্ঠিত গত সার্ক সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং প্রস্তাব করেছিলেন। এজন্য গতকাল এ প্রস্তাব উপদেষ্টা কাউন্সিলে সর্বসম্মতভাবে পাস হয়।

ফাহিম মোনায়েম জানান, ২ এপ্রিল প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ সার্ক শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য দিল্লি যাবেন। সেখানে প্রধান উপদেষ্টার ২ এপ্রিল ভারত ও শ্রীলঙ্কা, ৩ এপ্রিল মালদ্বীপ ও আফগানিস্তান, ৪ এপ্রিল পাকিস্তান ও ভুটান এবং ৫ এপ্রিল নেপালের শীর্ষ নেতাদের সঙ্গে পৃথক বৈঠক করবেন